

লোকটা

অনেকক্ষণ একা একা কী সব করছে—
সে-সব যে কী, তার মাথামুণ্ডু নেই;
পাখির শিসের সঙ্গে সুর দিয়ে ভোরকে ডাকছে
জলফড়িংদের পাড়ায় গিয়ে খেলছে
বা, উড়োজাহাজকে হাততালি দিয়ে ওড়াচ্ছে

হাবভাব দেখে যেন মনে হবে— আস্ত পাগল!
অথচ তার চোখ ঘোলাটে না, জামা ছেঁড়া না
মুখ দিয়ে ছিটকে বেরোচ্ছে না থুতু বা গালাগালি
অনেকক্ষণ একমনে আকাশ দেখছে—
নিঝুম তারার সঙ্গে চুপিচুপি কথা বলছে
হঠাৎ বাতাস থেকে খুঁজে নিচ্ছে কেয়াফুলের গন্ধ
কিন্তু ভিখিরির মতো হাত পাতছে না
দুম করে তেমাথার মোড়ে গিয়ে বাসে উঠছে না
উধাও সরনি ধরে হুঁদুরের মতো ছুটছে না
অনেকক্ষণ ধরে শুধু তোমাকে দেখছে—
তুমি জানো?

হিমবত্ত বন্দ্যোপাধ্যায়

